

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
বিভাগীয় কার্যালয়, রাজশাহী  
[www.bkkb.rajshahidiv.gov.bd](http://www.bkkb.rajshahidiv.gov.bd)


বিষয়ঃ বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে ২য় প্রান্তিকের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : মো: আনোয়ার যাইদ, পরিচালক, বাককবো, রাজশাহী।  
সভার তারিখ : ০৯/১১/২০২৩খ্রি.  
সময়: : ১১.০০ ঘটিকায়  
সভার স্থান : পরিচালক মহোদয়ের অফিস কক্ষ  
উপস্থিতি : পরিশিষ্ট "ক"

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে সকল কর্মচারীকে অধিকতর স্বচ্ছতা, সদাচরণ ও জবাবদিহিতার সাথে সম্মিলিতভাবে কাজ করার জন্য আহ্বান জানান। এছাড়া ২০২৩-২০২৪ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনার কার্যক্রম বাস্তবায়নে অসাধারণ লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সকলের সহযোগিতা কামনা করেন। অতঃপর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ অনুযায়ী সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র. নং | আলোচনা   | সিদ্ধান্ত   | বাস্তবায়ন                   |
|---------|--|---|------------------------------|
| ১.      | শুদ্ধাচার কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী ৪(চার) প্রান্তিকে ৪ (চার) টি নৈতিকতা কমিটির সভা আয়োজন বিষয়ে আলোচনা করা হয়। সে অনুযায়ী ২য় প্রান্তিকের সভা ০৯/১১/২০২৩খ্রি. তারিখে আয়োজন করা হয়।  | লক্ষ্যমাত্রা অনুযায়ী নৈতিকতা কমিটির সভা প্রতি প্রান্তিকের নির্ধারিত সময়ের মধ্যে সভা আয়োজন করতে হবে।                            | উপপরিচালক, কল্যাণ অফিসার     |
| ২.      | এপিএ ২০২৩-২০২৪ এর সংযোজনী-৪ এ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে প্রতি কোয়ার্টারে ১টি করে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন করার বিষয় উল্লেখ আছে। তৎপ্রেক্ষিতে ২য় প্রান্তিকের সভা ডিসেম্বর/২৩ এর মধ্যে আয়োজন করার বিষয়ে সভায় আলোচনা হয়।                 | কর্ম পরিকল্পনার অংশ হিসেবে ২য় কোয়ার্টারে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা ডিসেম্বর/২৩ এর মধ্যে আয়োজন করতে হবে। | উপপরিচালক, কল্যাণ অফিসার     |
| ৩.      | এপিএ ২০২৩-২০২৪ এর সংযোজনী-৪ এ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী ২য় এবং ৪র্থ কোয়ার্টারে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণের বিষয়ে উল্লেখ আছে। এ বিষয়ে ২য় কোয়ার্টারে ২৬/১০/২০২৩ তারিখে ১টি প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। পরবর্তী প্রশিক্ষণ নির্ধারিত সময়ে অনুষ্ঠানের বিষয়ে সভায় আলোচনা হয়। | শুদ্ধাচার সংক্রান্ত পরবর্তী প্রশিক্ষণ নির্ধারিত সময়ে আয়োজন করতে হবে।  | উপপরিচালক, কল্যাণ অফিসার     |
| ৪.      | এপিএ ২০২৩-২০২৪ এর সংযোজনী-৪ এ ১.৪ তে ৩য় কোয়ার্টারে পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি এবং ৪র্থ কোয়ার্টারে ৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোশাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করার বিষয়ে বলা হয়েছে।  | নির্দিষ্ট কোয়ার্টারে নির্ধারিত উন্নত কর্মপরিবেশ নিশ্চিত করতে হবে।  | সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


  
(মো: আনোয়ার যাইদ)  
পরিচালক

স্মারক নং-০৫.৮১.৮১০০.০০২.০১.০১০.২২ (অংশ-২).১৪০

তারিখ: ১২/১১/২০২৩ খ্রি.

**অনুলিপি: (জ্ঞাতার্থে ও কার্যার্থে)**

- ০১। খান মেজবাউল আলম, হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, রাজশাহী
- ০২। জনাব মোঃ আঃ হান্নান, কল্যাণ অফিসার, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, রাজশাহী
- ০৩। জনাব রোকসানা জান্নাত, হিসাবরক্ষক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, রাজশাহী
- ০৪। জনাব আবু জর, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, রাজশাহী
- ০৫। জনাব মো: জিল্লাদুর রহমান তালুকদুর, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, রাজশাহী
- ০৬। অফিস কপি



(মো: তারেক মাহমুদ)  
উপরিচালক